

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
ঢাকা রোড, উপশহর, যশোর।
ওয়েব সাইটঃ www.bmet.jessore.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

আমরা জানি যে, বাংলাদেশ থেকে কর্মী নিয়োগের জন্য গত ১৯ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ ও মালয়েশিয়া সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। এ সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে বাংলাদেশ থেকে কর্মী নিয়োগ, কর্মসংস্থান এবং প্রত্যাবাসনের আদর্শ কাঠামোর সুযোগ সৃষ্টি হয়েছে। এর আওতায় গত ১৩ জুন, ২০২২ খ্রিঃ থেকে মালয়েশিয়ায় গমনেচ্ছুদের জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর ডাটাবেজে নিবন্ধন প্রক্রিয়া শুরু হয়েছে। এর পাশাপাশি আমি প্রবাসী অ্যাপের মাধ্যমেও এ নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা যাচ্ছে। যশোরসহ মাগুরা ও নড়াইল জেলার মালয়েশিয়া গমনেচ্ছুরা জেলা কর্মসংস্থান অফিস, যশোর হতে বিএমইটি'র ডাটাবেজে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

গত ৩০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ২,২০০ (দুই হাজার দুইশত) জন মালয়েশিয়ায় গমনেচ্ছুরা এ নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করেছেন। মালয়েশিয়াতে কর্মী ভিসায় যেতে হলে বিএমইটি'র ডাটাবেজে প্রাথমিক ভাবে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করা বাধ্যতামূলক। উল্লেখ্য বিএমইটি'র ডাটাবেজে প্রাথমিক নাম নিবন্ধন কোনভাবেই মালয়েশিয়া বা অন্য কোন দেশে যাওয়ার নিশ্চয়তা বহন করে না। মালয়েশিয়া ছাড়াও অন্যান্য দেশে স্বাভাবিক ভাবে কর্মী প্রেরণ প্রক্রিয়া অব্যাহত আছে।


03.10.22

(শাহরিয়ার হাসান)

সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস

যশোর।

ফোনঃ ০২৪৭৭৭৬২৫৯৩

ইমেইলঃ demojessore@gmail.com